"বিসমিল্লাহির রাহমানির রাহীম"


কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।
ফোন ৪+৮৮-০৩২১-৭২৭২০.
মোবাইল ৪+৮৮-০১৭১৭-২০৭১৫৫.
ফ্যাক্স ৪+০২৩৩৪৪৯৬৫০৪.

Department of Computer Science & Telecommunication Engineering
Noakhali Science & Technology University
Noakhali-3814, Bangladesh.
Phone : + 88-0321-72720.
Mobile : + 88-01717-207155.
Fax : +02334496504.


স্মারক নং: এনএসটিইউঃ সিএসটিইঃ চে.অঃ ২০২৫ঃ ০১ঃ৫৮-৯০ তারিখ: ২৪.০৫. ২০২৫ ইং।

বরাবর
পরিচালক
সাইবার সেন্টার
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বিষয়ঃ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে সিএসটিই বিভাগে পিএইচডি প্রোগ্রাম ভর্তি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গ।
সূত্রঃ নোবিপ্রবি/রেজি/একা/পিএইচডি/২০২৫/১২৬৭৬ তারিখ ২৪ মে ২০২৫ইং

জনাব
উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিএসটিই বিভাগের অধীনে ২০২৪-২৫ (জুলাই-ডিসেম্বর) সিএসটিই বিভাগে পিএইচডি প্রোগ্রাম ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের অনুমতি প্রদান করা হয়েছে।

অতএব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

সংযুক্তি-১. ভর্তি বিজ্ঞপ্তি প্রচারে অনুমতি।
২. ভর্তি বিজ্ঞপ্তি।

ধন্যবাদ

ড. নাহিদ আক্তার
অধ্যাপক ও চেয়ারম্যান
কম্পিউটার সাইন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ
প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ
১. পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ ও প্রকাশনা দপ্তর।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University: NSTU
নোয়াখালী- ৩৮১৪, বাংলাদেশ

Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01720197624
E-mail : info@nstu.edu.bd
Website : www.nstu.edu.bd

রেজিস্ট্রার দফতর
শিক্ষা শাখা

নোবিপ্রবি/রেজি/একা/পিএইচডি/২০২৫/ ১২৮৭৮

২৪ মে, ২০২৫

বিষয়: পিএইচডি (PhD) ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের অনুমতি প্রসঙ্গে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (CSTE) বিভাগকে ২০২৪-২৫ (জুলাই-ডিসেম্বর) শিক্ষাবর্ষে, পিএইচডি (PhD) ভর্তির লক্ষ্যে প্রণীত ভর্তি বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুমতি প্রদান করা হলো।

২৪/০৫/২৫
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

বিতরণ: ১) : চেয়ারম্যান, সিএসটিই বিভাগ, নোবিপ্রবি।

নোবিপ্রবি/রেজি/একা/পিএইচডি/২০২৫/ ১২৮৭৮

২৪ মে, ২০২৫

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। ডিন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, নোবিপ্রবি ।
২। পরিচালক, হিসাব (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
৩। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৪। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৫। কোষাধ্যক্ষ মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৬। রেজিস্ট্রার মহোদয়ের ব্যক্তিগত শাখা, নোবিপ্রবি।
৭। নথি।
৮। মহানথি।

২৪।৫।২৫
মোহাম্মদ সাইফুদ্দীন
ডেপুটি রেজিস্ট্রার
শিক্ষা শাখা, রেজিস্ট্রার দফতর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

# বিজ্ঞপ্তি :

স্মারক/সিএসটিই/নোবিপ্রবি/২০২৫/ তারিখ:১৫ মে ২০২৫

## ২০২৪-২৫ শিক্ষাবর্ষে কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে পিএইচডি প্রোগ্রামে ভর্তি (জুলাই-ডিসেম্বর)

কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফর্মে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। প্রার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকদের মধ্য থেকে তত্ত্বাবধায়ক নির্বাচন করে তার/তাদের মাধ্যমে পিএইচডি প্রোগ্রামের জন্য আবেদন করতে হবে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.nstu.edu.bd/forms_and_downloads.html) থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে আগামী ১৮ জুন,২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে ভর্তি ফরমের ফি বাবদ জমাকৃত ১০০০/- (এক হাজার) টাকা জমা রশিদের মূলকপি, গবেষণা তত্ত্বাবধায়কের স্বাক্ষরসহ গবেষণা প্রস্তাব, সকল পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি, ও সম্প্রতি তোলা ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট তত্ত্বধায়ক/বিভাগের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.nstu.edu.bd/acts_and_facts.html) থেকে পিএইচডি ভর্তি নীতিমালা ডাউনলোড করা যাবে।

### ১) ভর্তির শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ঃ

ক) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত ও তালিকাভুক্ত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই)/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) / ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং(ইসিই)/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং(ইইই)/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সিই)/কম্পিউটার সায়েন্স (সিএস)/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই)/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি)/ইনফরমেশন টেকনোলজি (আইটি)বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রী এবং নূন্যতম ০১ (এক) বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে এম.ফিল পাশ হতে হবে।

শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ নূন্যতম ৫০% নম্বর থাকতে হবে। সিজিপিএ নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় সিজিপিএ ৫ এর মধ্যে ৩.৫০ অথবা সিজিপি ৪ এর মধ্যে ৩.০০ থাকতে হবে।

খ) ০৩ (তিন) বছর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রী এবং নূন্যতম ০১ (এক) বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রী প্রাপ্তদের পিএইচডি প্রোগ্রামে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নিম্নলিখিত শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা থাকতে হবে।

শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ নূন্যতম ৫০% নম্বর থাকতে হবে। সিজিপিএ নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ৩.৫০ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে ৩.০০ থাকতে হবে।

স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃত মানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা অথবা সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত মানের Peer-reviewed জার্নালে গবেষণা প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। বিদেশী ডিগ্রীর ক্ষেত্রে ইউজিসি কর্তৃক ডিগ্রীর সমতা সনদ প্রদান করতে হবে।

২) ভর্তি প্রক্রিয়া:

প্রার্থী কর্তৃক আবেদনপত্র যথাযথভাবে পূরণের পর কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে জমা দিতে হবে। ভর্তির আবেদন সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক, বিভাগের একাডেমিক কমিটি, বিভাগের পিএইচডি উপ-কমিটি ও অনুষদ এবং বোর্ড অব এডভান্সড স্টাডিজ সুপারিশ করলে একাডেমিক কাউন্সিল পিএইচডি ভর্তির বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবেন।

৩) মেয়াদঃ

পূর্ণকালীন সময়ের পিএইচডি গবেষকদের প্রোগ্রাম শুরুর দিন (ভর্তির সেমিস্টার শুরু থেকে) চূড়ান্ত মৌখিক পরীক্ষা (থিসিস ডিফেন্স) পর্যন্ত কমপক্ষে ৩ (তিন) বছর হবে। তবে, তত্ত্বাবধায়কের সম্মতিক্রমে আড়াই বছর (৫ সেমিস্টার) পর থিসিস জমা দিতে পারবেন। পিএইচডি প্রোগ্রামে ভর্তির অনুমতি পাওয়ার পর নির্ধারিত সময়ে ভর্তি ফি জমা না দিলে নিয়মানুযায়ী বিলম্ব ফি প্রদান করতে হবে। থিসিস জমা না হওয়া পর্যন্ত প্রতি বছর একই সময়ে রেজিস্ট্রেশন ফি জমা না দিলে নিয়মানুযায়ী ধার্যকৃত বিলম্ব ফি প্রদান করতে হবে।

৪) ছুটিঃ

চাকুরিরত ভর্তিচ্ছু প্রার্থীদের নিয়োগকর্তার নিকট থেকে কমপক্ষে ১ (এক) বছর ছুটি থাকতে হবে। এক্ষেত্রে তত্ত্বাবধায়ক যদি চায় তবে প্রার্থীকে পরবর্তী বছররের জন্য আবারো ছুটি বর্ধিত করতে হবে।

15.05.2025

প্রফেসর ড. নাহিদ আক্তার
চেয়ারম্যান
কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশনইঞ্জিনিয়ারিং বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।